# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ১০ জুলাই - সেপ্টেম্বর, ২০১৯




## প্রশিক্ষণ নীতিমালা চূড়ান্তকরণ বিষয়ক কর্মশালা

এনআইএলজি কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ আরো সঠিকভাবে পদ্ধতিগত ও আধুনিক করার জন্য দিন ব্যাপী 'প্রশিক্ষণ নীতিমালা চূড়ান্তকরণ বিষয়ক কর্মশালা' গত ১৪ই জুলাই, ২০১৯ তারিখ এনআইএলজি'তে অনুষ্ঠিত হয়। কর্মশালায় স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধিসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। কর্মশালাটির মূল প্রবন্ধের উপস্থাপক ছিলেন ও জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)'র পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ) ও জনাব মোঃ গোলাম ইয়াহিয়া। কর্মশালায় আলোচক ছিলেন এনআইএলজি'র পরিচালক (প্রশাসন ও সমন্বয়) জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, আরও উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপসচিব জনাব মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী। কর্মশালায় সঞ্চালকের দায়িত্ব পালন করেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার। কর্মশালায় এনআইএলজি'র কর্মকর্তাগণসহ মোট ১৬ (ষোল) জন অংশগ্রহণ করেন। সকলের অংশগ্রহণ ও মতামতের ভিত্তিতে প্রশিক্ষণ নীতিমালা প্রয়োজনীয় সংশোধনঅন্তে চূড়ান্ত করা হয়।

## ‘অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ’ কোর্স

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী দাপ্তরিক বিভিন্ন বিষয়ে ‘অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ’ কোর্স বাস্তবায়ন করা হয়। এতে এনআইএলজি’র কর্মকর্তা এবং ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণ অংশগ্রহণ করেন। গত জুলাই-সেপ্টেম্বর, ২০১৯ সময়ে মোট ৭টি কোর্স বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে এনআইএলজি’র কর্মকর্তাগণ ১(এক) দিন ব্যাপী ১টি কোর্সে ২৬ জন, ৩য় শ্রেণির কর্মচারীগণ ৩ (তিন)টি কোর্সে ৫১ জন ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ৩ (তিন)টি কোর্সে মোট ৬২ জন অংশগ্রহণ করেন। এসব কোর্সে দাপ্তরিত কার্য পরিচালনা ও ই-ফাইলিং বিষয় দু’টিতে অধিক গুরুত্ব দেয়া হয়েছে। অংশগ্রহণকারীদের মতামত মূল্যায়নে দেখা যায়, প্রশিক্ষণটি তাদের দায়িত্ব পালন সহায়ক হবে বলে তারা মনে করেন।



## ইউনিয়ন পরিষদ সচিবগণের ‘‘বুনিয়াদি প্রশিক্ষণ’’ কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের জন্য ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করে আসছে। গত ২৫ আগস্ট হতে ২৩ সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত মাস ব্যাপী ৫০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটির উদ্দেশ্য স্থানীয় পর্যায়ে ইউনিয়ন পরিষদের কার্যক্রম পরিচালনায় দক্ষ মানব সম্পদ তৈরী করা। প্রশিক্ষণ কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব কানিজ ফাতেমা, উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব) এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা ও জনাব মোঃ এরশাদ-ই-ইসলাম, অডিও ভিজ্যুয়াল টেকনিক্যাল কর্মকর্তা। কোর্সটিতে ৫(পাঁচ)টি জেলার (কক্সবাজার, গোপালগঞ্জ, নীলফামারী, কুমিল্লা ও মুন্সিগঞ্জ) মোট ৪০ জন ইউপি সচিব অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে মাস ব্যাপী বিভিন্ন বিষয়ে মোট ১০৮টি সেশন পরিচালিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য হলো বাংলাদেশ এর সংবিধানে স্থানীয় সরকার ব্যবস্থা, স্থানীয় সরকার ব্যবস্থা তথা ইউপি’র ক্রমবিকাশসহ ইউনিয়ন পরিষদ আইন ও বিধির আলোকে কোর্সে ইউনিয়ন পরিষদ কার্যক্রম ও ব্যবস্থাপনা, অফিস ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, স্থানীয় সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, পরিকল্পনা ও বাজেট, অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন, পরিবেশে সংরক্ষণ, বিচার ব্যবস্থাপনা ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, নাগরিক সেবায় উদ্ভাবন। এছাড়াও ছিল ক্রসকানিং ইস্যু যেমন: পারস্পরিক শিখন কর্মসূচি, ভোক্তা অধিকার, ভেজাল প্রতিরোধ, তথ্য অধিকার, ধূমপমান ও তামাক মুক্ত পরিবেশ, নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম প্রভৃতি বিষয় অন্তর্ভুক্ত ছিল। প্রশিক্ষক হিসেবে এনআইএলজি’র নিয়মিত অনুষদ সদস্যগণের পাশাপাশি স্থানীয় সরকার বিষয়ে অভিজ্ঞ ও নীতিনির্ধারণী পর্যায়ের কর্মকর্তাগণ সেশন পরিচালনা করেন। প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধন, সমাপন ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এনআইএলজি’র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার।






## ''স্থানীয় সরকারের স্বচ্ছতা বৃদ্ধিকরণ বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি)'' কোর্স

Platforms for Dialogue (P4D) প্রকল্পের অর্থায়নে গত ০৬-০৯ জুলাই, ২০১৯ তারিখে ৪ দিন ব্যাপী 'স্থানীয় সরকারের স্বচ্ছতা বৃদ্ধিকরণ বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি)' কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটিতে এনআইএলজি'র কর্মকর্তাগণসহ ইউনিয়ন পরিষদ সচিব, পৌরসভার সচিব, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভার মেয়রগণের সমন্বয়ে মোট ৬১ জন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব ও এনআইএলজি'র মহাপরিচালক জনাব তপন কুমার কর্মকার। আলোচক হিসেবে মন্ত্রীপরিষদ বিভাগের সিনিয়র কমকর্তাগণসহ প্রকল্পের কনসাল্টেন্টগণ অংশগ্রহণ করেন। 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্সের ধারাবাহিকতায় গত ২৮-৩০ জুলাই, ২০১৯ তারিখে ৩ (তিন) দিন মেয়াদে ১টি কোর্স অনুষ্ঠিত হয়। এই কোর্সটিতে উপস্থিত অংশগ্রহণকারীর ৫৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স




উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বাস্তবায়িত উপজেলা ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট ( UICDP) এর সহযোগীতায় গত ১৪-২৪ জুলাই, ২০১৯ তারিখ উপজেলা পরিষদ পরিকল্পনা ও সেবা প্রদান বিষয়ক 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা প্রকৌশলী, উপজেলা পর্যায়ে অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

কোর্সে আলোচ্য বিষয়ের মধ্যে উল্লেখযোগ্য ছিল বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ, উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা, উপজেলার পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিচিতি, সুশাসন সংক্রান্ত অন্যান্য বিষয়, সক্ষমতা উন্নয়ন, অবকাঠামো উন্নয়ন ও উপ-প্রকল্প বাস্তবায়ন, উপজেলা পর্যায়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের রিপোর্টিং, আর্থিক ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ব্যবস্থাপনা ও লজিস্টিক ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ক কোর্স ২ (দুই) টি'তে মোট ১১৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



## Sensitisation Workshop




"Social Accountability Tools" শীর্ষক Sensitization Workshop আয়োজন বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য হলো জবাবদিহির উপকরণ তথা জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা সঠিকভাবে চর্চার মাধ্যমে সুশাসন নিশ্চিত করা। এ লক্ষ্যকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগ ও ইউরোপীয় ইউনিয়নের যৌথ অর্থায়নে এবং মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে Platforms for Dialogue (P4D) প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্পের আওতায় আয়োজিত বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর, সংস্থা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের জন্য ১দিন মেয়াদী "Social Account ability Tools"শীর্ষক Sensitization Workshop জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বাস্তবায়ন করে। কর্মশালায় মন্ত্রিপরিষদ বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ এর উর্দ্ধতন কর্মকর্তাগণ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও, এনআইএলজি'র ঊর্দ্ধতন কর্মকর্তাগণ কর্মশালায় আলোচক ও সঞ্চালকের দায়িত্ব পালন করেন। সেপ্টেম্বর, ২০১৯ মাসে অনুষ্ঠিত ০৩টি কর্মশালায় মোট ৫৩৪জন সরকারি কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ কর্মশালা বর্তমান সরকারের রূপকল্প ২০২১-এর উদ্দেশ্যসমূহ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নে সরকারি কর্মকর্তাগণকে অধিকতর দায়িত্বশীল ভূমিকা পালনে উদ্বুদ্ধ করবে বলে আশা করা যায়।

## Quality Assurance Framework এর উপর মত বিনিময় সভা

Quality Assurance Framework এর উপর মত বিনিময় সভাটি ১২-০৯-২০১৯ তারিখে ১(এক) দিন ব্যাপী অনুষ্ঠিত হয়। এটিতে কোর্সের সংখ্যা ছিল ১টি এবং উপস্থিত অংশগ্রহণকারীর সংখ্যা ২১ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ নিয়েছেন। কোর্সটিতে এনআইএলজি'র কর্মকর্তা ও হেলভিটাস সুইস-ইন্টার কোঅপারেশন এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের দশম সংখ্যা পাঠকদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


### উপদেষ্টা

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক

### সম্পাদকমন্ডলী

জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট